গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
(www.bkkb.gov.bd)

নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.২৪.২০১

তারিখ: ২৫ অগ্রহায়ন ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

# বিজ্ঞপ্তি

বিষয়: **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মাসিক কল্যাণ অনুদান সফটওয়্যারে API Link চালুকরণ সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রদেয় কল্যাণ অনুদান, যৌথবীমা অনুদান ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান এর নতুন সিস্টেম (https://welfare.bkkb.gov.bd/) ২০ এপ্রিল ২০২৫ থেকে চালু করা হয়েছে। উল্লেখ্য, কল্যাণ অনুদান প্রদানের আদেশনামা কার্ডের পরিবর্তে সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে তথ্যসম্বলিত আদেশ (Welfare Grants Order) জারিপূর্বক সোনালী ব্যাংকের মাধ্যমে সারাদেশে ১ ডিসেম্বর ২০২৪ থেকে সেবাগ্রহীতাগণকে অনুদানের অর্থ প্রেরণ করা হচ্ছে এবং সফটওয়্যার দু'টির মধ্যে API Link এর মাধ্যমে আন্ত:সংযোগ স্থাপন করা হয়েছে। এ বিষয়ে বোর্ডের ২০/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫৪তম সমন্বয় সভায় API Link এর লাইভ কার্যক্রম ০১/১২/২০২৫ থেকে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মাসিক কল্যাণ অনুদানের সফটওয়্যার ও সোনালী ব্যাংকের 'অনলাইন ডিডিপি পেমেন্ট সফটওয়্যার' এর মধ্যে API Link চালুকরণ বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

১) কল্যাণ বোর্ডের সফটওয়্যার হতে কল্যাণ অনুদান এর অনুমোদিত Welfare Grants Order এর তথ্যাবলি ০১/১২/২০২৫ হতে বোর্ডের স্ব স্ব কার্যালয় থেকে API Link এর মাধ্যমে সোনালী ব্যাংকে প্রেরণ করতে হবে এবং কোন হার্ডকপি প্রেরণ করার প্রয়োজন নেই;

২) সেবাগ্রহীতাগণ Welfare Grant Order প্রাপ্তি সাপেক্ষে ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় উপস্থিত হয়ে ১ম লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করবেন এবং ৩ কার্যদিবসের মধ্যে সেবাগ্রহীতার ব্যাংক হিসাবে মঞ্জুরিকৃত অর্থ (বকেয়াসহ) সোনালী ব্যাংক Online Transfer এর মাধ্যমে প্রেরণ করবে;

৩) সেবাগ্রহীতাগণের সর্বশেষ উপস্থিতির প্রতি ১০ মাস পর ১১তম মাসে সংশ্লিষ্ট শাখায় উপস্থিত হয়ে সেবাগ্রহীতাগণের "লাইফ ভেরিফিকেশন" সম্পন্ন করতে হবে অন্যথায় অনুদান প্রেরণ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে;

৪) API Link এর লাইভ কার্যক্রম চালু হওয়ার পর সোনালী ব্যাংকের নিকট কোন ভুল/ত্রুটি গোচরিভূত হলে ব্যাংক তা কল্যাণ বোর্ডে ফেরত পাঠাবে এবং বোর্ড যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সংশোধন করে পুনরায় সোনালী ব্যাংকে প্রেরণ করবে;

৫) মেয়াদোত্তীর্ণ কার্ড প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে সোনালী ব্যাংক থেকে বোর্ডের স্ব স্ব কার্যালয়ে ফেরত পাঠাতে হবে;

৬) বোর্ডের স্ব স্ব কার্যালয় সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয়ের সাথে প্রতি মাসে কল্যাণ অনুদানের রিকনসাইল কার্যক্রম সম্পন্ন করবে;

৭) বোর্ডের সকল কার্যালয় পুরাতন সফটওয়্যারের মাধ্যমে অনুমোদিত কল্যাণ অনুদানের কার্ড/জিও এর তথ্য পূর্বের নিয়মে সোনালী ব্যাংকের স্ব স্ব কর্পোরেট শাখায় প্রেরণ করবে এবং সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে একটি নির্দিষ্ট আইডি থেকে 'অনলাইন ডিডিপি পেমেন্ট সফটওয়্যার' এ ম্যানুয়ালি এন্ট্রি করে আপডেট করবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

১০/১২/২৫
(এ এস এম মুস্তাফিজুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক
ফোনঃ ২২৬৬৬৫৫৩
ইমেইল: adg@bkkb.gov.bd

SA - E:\Combined_Software\Notice welfare_10-12-25.doc

CamScanner

**বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন)/ পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক (সকল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনাব মো: আলী হায়দার, সিনিয়র অফিসার, গভ: একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক পিএলসি, ঢাকা
৮. সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রোগ্রামার (সকল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১০. অফিস কপি।



CamScanner